তারিখ ... 30 JAN 2017 ...
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

যুগান্তর

# ফতুল্লা ও সাভারে শিক্ষা সপ্তাহ উদযাপিত

**যুগান্তর ডেস্ক**

'শিক্ষার আলো জ্বালব, ডিজিটাল বাংলাদেশ গড়ব'— এ প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে রোববার ফতুল্লা ও সাভারে বর্ণাঢ্য র‌্যালি, আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। যুগান্তর স্টাফ রিপোর্টার ও প্রতিনিধির পাঠানো খবর—

**সাভার :** সাভার উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের উদ্যোগে র‌্যালিটি উপজেলা চত্বর থেকে শুরু হয়ে ঢাকা-আরিচা মহাসড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। র‌্যালিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য ডা. এনামুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউএনও আবু নাসের বেগ, সাভার উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সরকার আবুল কালাম আজাদ।

**ফতুল্লা :** এ উপলক্ষে ফতুল্লার চানমারী এলাকায় অবস্থিত জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে রোববার সকালে বর্ণাঢ্য র‌্যালি শেষে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন নারায়ণগঞ্জ জেলা প্রশাসক রাব্বী মিয়া। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সৈয়দা মাহফুজা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ছরোয়ার হোসেনসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকারা উপস্থিত ছিলেন।